ফাতওয়া নাম্বার:২০৩ প্রকাশকালঃ২৩-১০-২০২১ ইং

একই ফ্ল্যাটে দেবর ও ভাবীর অবস্থান করার হুকুম কী?

প্রশ্ন:

আমি একজন চাকরিজীবি। স্ত্রী-সন্তান নিয়ে একটি ফ্ল্যাটে থাকি। ফ্ল্যাটে তিনটি রুম। আমার ছোট ছোট দুটি সন্তান। বড় সন্তানের বয়স মাত্র তিন বছর। আমি ও আমার স্ত্রী উভয়ই দ্বীন মেনে চলার চেষ্টা করি। আমার জানার বিষয় হলো, আমি যখন দুয়েক দিন বা আরও বেশি সময়ের জন্য বাইরে কোথাও যাই তখন কি আমার ছোট ভাইকে বাসায় রেখে যেতে পারব? তেমনিভাবে যখন দুয়েক ঘণ্টার জন্য বাহিরে যাই তখন কি তাকে রেখে যেতে পারব? বিস্তারিত জানালে অনেক উপকৃত হব।

উল্লেখ্য, আমার ছোট ভাই প্রাপ্তবয়স্ক এবং সেও পর্দার বিধান মেনে চলে।

নিবেদক
আজিজ আহমাদ
নাটোর

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله والصلاة السلام على رسول الله

হাদীসে এসেছে-

عن ابن عباس عن النبي صلى الله عليه و سلم قال: (لا يخلون رجل بامرأة إلا مع ذي محرم). -رواه البخاري، برقم:4935

"আবদুল্লাহ ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, কোনো পুরুষ যেন কোনো নারীর সঙ্গে মাহরাম ব্যতীত নির্জন অবস্থান গ্রহণ না করে।"

-সহীহ বুখারী: হাদীস নং ৪৯৩৫

আরেক হাদীসে এসেছে-

عن عقبة بن عامر أن رسول الله صلى الله عليه و سلم قال : (إياكم والدخول على النساء) . فقال رجل من الأنصار يا رسول الله أفرأيت الحمو؟ قال (الحمو الموت). -رواه البخاري، برقم:2172

"উকবা ইবনে আমের রাযি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা (পর)নারীদের নিকট যাওয়া থেকে বেঁচে থাক। এক আনসারী সাহাবি জানতে চাইলেন, ইয়া রাসূলাল্লাহ! স্বামীর নিকটাত্মীয় (দেবর ভাসুর) সম্পর্কে আপনি কি বলেন? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তর দিলেন, তারা তো মৃত্যু সমতুল্য।" -সহীহ বুখারী, হাদীস নং ২১৭২

ওমর রাযি. থেকে দীর্ঘ একটি বর্ণনায় এসেছে, "যখনই কোনো নারী-পুরুষ নির্জনে অবস্থান গ্রহণ করে, তখনই সেখানে তৃতীয় ব্যক্তি হিসেবে শয়তান উপস্থিত হয়।" -সুনানুত তিরমিযি, হাদীস নং ২১৬৫

উপরের হাদীসগুলো থেকে আমরা বুঝতে পারলাম, দুজন নারী পুরুষের নির্জন অবস্থান কত ভয়ঙ্কর বিষয় এবং বিষয়টিকে শরীয়ত কী পরিমাণ গুরুত্ব প্রদান করেছে। বিশেষ করে তা যদি হয় দেবর ভাবীর বিষয়। এই ভয়াবহতার বাস্তব চিত্র আজ আমরা অত্যন্ত দুঃখজনকভাবে আমাদের

সমাজের প্রতিটি অঙ্গনে নিত্যদিনই প্রত্যক্ষ করছি। আল্লাহ আমাদের রক্ষা করুন।

সুতরাং আপনার স্ত্রী ও আপনার ভাইয়ের যে অবস্থানটি আপনার নিকট সংশয়পূর্ণ মনে হয়, তা থেকে বেঁচে থাকাই পূর্ণাঙ্গ ঈমানদারের পরিচয় এবং সকলের দ্বীন ও ইজ্জত-আব্রুর পূর্ণ হেফাজতের জন্য সহায়ক। হাদীসে এসেছে-

عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ الْحَلَالُ بَيِّنٌ وَالْحَرَامُ بَيِّنٌ وَبَيْنَهُمَا مُشَبَّهَاتٌ لَا يَعْلَمُهَا كَثِيرٌ مِنْ النَّاسِ فَمَنْ اتَّقَى الْمُشَبَّهَاتِ اسْتَبْرَأَ لِدِينِهِ وَعِرْضِهِ وَمَنْ وَقَعَ فِي الشُّبُهَاتِ كَرَاعٍ يَرْعَى حَوْلَ الْحِمَى يُوشِكُ أَنْ يُوَاقِعَهُ أَلَا وَإِنَّ لِكُلِّ مَلِكٍ حِمًى أَلَا إِنَّ حِمَى اللَّهِ فِي أَرْضِهِ مَحَارِمُهُ أَلَا وَإِنَّ فِي الْجَسَدِ مُضْغَةً إِذَا صَلَحَتْ صَلَحَ الْجَسَدُ كُلُّهُ وَإِذَا فَسَدَتْ فَسَدَ الْجَسَدُ كُلُّهُ أَلَا وَهِيَ الْقَلْبُ .

-رواه البخاري في صحيحه، برقم:52

“নু’মান ইবনে বাশির রা. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, হালাল সুস্পষ্ট এবং হারাম সুস্পষ্ট। এদুয়ের মাঝে আছে সংশয়পূর্ণ কিছু বিষয়, যা অনেক মানুষই জানে না। যে ব্যক্তি এই সংশয়পূর্ণ বিষয়গুলো থেকে বেঁচে থাকল, সে তার দ্বীন ও ইজ্জত নিয়ে নিরাপদ থাকল। পক্ষান্তরে যে সংশয়পূর্ণ বিষয়গুলোতে নিপতিত হল, সে ওই রাখালের মতো, যে সংরক্ষিত চারণভূমির পাশে পশু চরায়। আংশঙ্কা আছে, এই রাখালকে অচিরেই তা সংরক্ষিত এলাকায় নিপতিতি করবে। মনে রেখ! সকল বাদশারই সংরক্ষিত এলাকা থাকে। আল্লাহর যমিনে আল্লাহর সংরক্ষিত এলাকা হল, হারামসমূহ।...” -সহীহ বুখারী, হাদীস নং ৫২

তথাপিও যদি আপনার ভাইকে আপনার বাসায় রাখার প্রয়োজন থাকে, তাহলে নিম্নোক্ত বিষয়গুলো লক্ষণীয়:

ক. তারা উভয়ে যদি দ্বীনদার হয় এবং পর্দার বিধান মেনে চলে, যার ফলে আপনার অনুপস্থিতিতে গুনাহে লিপ্ত হওয়ার সম্ভাবনা খুব কম থাকে এবং

খ. প্রত্যেকে ভিন্ন ভিন্ন এমন কামরায় অবস্থান করে, যাতে অবস্থানকারীর সম্মতি ছাড়া কেউ প্রবেশ করতে পারে না-

তাহলে আপনার ভাইকে বাসায় রেখে আপনার জন্য কোথাও যাওয়া নাজায়েয হবে না। তবে এ ক্ষেত্রেও উত্তম হবে, যদি আপনার ভাইয়ের কোনো মাহরাম মহিলা; যেমন, মা, বোন, ফুফু বা অন্য কাউকে অথবা আপনার স্ত্রীর কোন মাহরাম পুরুষ; যেমন, বাবা, ভাই, চাচা বা অন্য কাউকে কিংবা অন্য কোনো বয়োবৃদ্ধ ও নির্ভরযোগ্য মহিলাকে সাথে রাখা যায়। যাদের উপস্থিতিতে গুনাহের সুযোগ তেমন থাকবে না। বিশেষত যদি অবস্থান দীর্ঘ হয়।

পক্ষান্তরে যদি উক্ত দুটি বিষয় নিশ্চিত করা না যায়, তাহলে উপরোল্লেখিত তৃতীয় ব্যক্তি ছাড়া তাকে বাসায় রেখে যাওয়া জায়েয হবে না।

المراجع والمصادر :

روى الإمام البخاري رحمه الله تعالى (256هـ) في صحيحه (باب: لا يخلون رجل بامرأة إلا ذو محرم والدخول على المغيبة، رقم الحديث 4935): "عن ابن عباس عن النبي صلى الله عليه و سلم قال : (لا يخلون رجل بامرأة إلا مع ذي محرم")

ورواه الإمام مسلم (261هـ) في صحيحه (باب سفر المرأة مع محرم إلى حج وغيره، الرقم 3336) بلفظ: "(لا يخلون رجل بامرأة إلا ومعها ذو محرم ")

وروى الإمام البخاري في نفس الباب المذكور (الرقم 4934) ومسلم في (باب تحريم الخلوة بالأجنبية والدخول عليها، الرقم 2172): "عن عقبة بن عامر أن رسول الله صلى الله عليه و سلم قال : (إياكم والدخول على النساء) . فقال رجل من الأنصار يا رسول الله أفرأيت الحمو ؟ قال (الحمو الموت"(

وروى الترمذي في سننه برقم:2165، بسنده عن بن عمر قال خطبنا عمر بالجابية فقال يا أيها الناس إني قمت فيكم كمقام رسول الله صلى الله عليه وسلم فينا فقال أوصيكم بأصحابي ثم الذين يلونهم ثم الذين يلونهم ثم يفشو الكذب حتى يحلف الرجل ولا يستحلف ويشهد الشاهد ولا يستشهد ألا لا يخلون رجل بامرأة إلا كان ثالثهما الشيطان عليكم بالجماعة وإياكم والفرقة فإن الشيطان مع الواحد وهو من الإثنين أبعد من أراد بحبوحة الجنة فيلزم الجماعة من سرته حسنته وساءته سيئته فذلك المؤمن قال أبو عيسى هذا حديث حسن صحيح غريب من هذا الوجه وقد رواه بن المبارك عن محمد بن سوقة وقد روي هذا الحديث من غير وجه عن عمر عن النبي صلى الله عليه وسلم

قال الإمام النووي رحمه الله تعالى (676هـ) في (المنهاج شرح صحيح مسلم، 9\109): قوله صلى الله عليه و سلم (لا يخلون رجل بامرأة إلا ومعها ذو محرم) هذا استثناء منقطع لأنه متى كان معها محرم لم تبق خلوة فتقدير الحديث لا يقعدن رجل مع امرأة إلا ومعها محرم وقوله صلى الله عليه و سلم (ومعها ذو محرم) يحتمل أن يريد محرما لها ويحتمل أن يريد محرما لها أوله وهذا الاحتمال الثاني هو الجارى على قواعد الفقهاء فإنه لا فرق بين أن يكون

معها محرم لها كأبنها وأخيها وأمها وأختها أو يكون محرما له كأخته وبنته وعمته وخالته فيجوز القعود معها في هذه الأحوال ثم إن الحديث مخصوص ايضا بالزوج فإنه لو كان معها زوجها كان كالمحرم وأولى بالجواز وأما اذا خلا الأجنبي بالأجنبية من غير ثالث معهما فهو حرام بإتفاق العلماء وكذا لو كان معهما من لا يستحى منه لصغره كابن سنتين وثلاث ونحو ذلك فإن وجوده كالعدم. اهـ

قال العلامة الحصكفي رحمه الله (1088هـ) في (الدر المختار 6\368-369؛ على صدر رد المحتار، ط. دار الفكر): وفي الأشباه: الخلوة بالأجنبية حرام إلا لملازمة مديونة هربت ودخلت خربة أو كانت عجوزا شوهاء أو بحائل، والخلوة بالمحرم مباحة. اهـ

قال المحشي ابن عابدين رحمه الله (1252هـ) تحته: (قوله أو بحائل) قال في القنية: سكن رجل في بيت من دار وامرأة في بيت آخر منها ولكل واحد غلق على حدة، لكن باب الدار واحد لا يكره ما لم يجمعهما بيت اهـ ورمز له ثلاثة رموز، ثم رمز إلى كتاب آخر هي خلوة فلا تحل ثم رمز ولو طلقها بائنا، وليس إلا بيت واحد يجعل بينهما سترة لأنه لولا السترة تقع الخلوة بينه وبين الأجنبية، وليس معهما محرم فهذا يدل على صحة ما قالوه اهـ لأن البيتين من دار كالسترة بل أولى وما ذكره من الاكتفاء بالسترة مشروط بما إذا لم يكن الزوج فاسقا إذ لو كان فاسقا يحال بينهما بامرأة ثقة تقدر على الحيلولة بينهما كما ذكره في فصل الإحداد.

وقد بحث صاحب البحر هناك بمثل ما قاله في القنية فقال: يمكن أن يقال في الأجنبية كذلك وإن لم تكن معتدته إلا أن يوجد نقل بخلافه، وذكر في الفتح أن كذلك حكم السترة إذا مات زوجها؛ وكان من ورثته من ليس بمحرم لها. أقول: وقول القنية وليس معهما محرم يفيد أنه لو كان فلا خلوة والذي تحصل من هذا أن الخلوة المحرمة تنتفي بالحائل، وبوجود محرم أو امرأة ثقة قادرة ــ إلى أن قال: ويظهر لي أن مرادهم بالمرأة الثقة أن تكون عجوزا لا يجامع مثلها مع كونها قادرة على الدفع عنها وعن المطلقة فليتأمل. اهـ

قال العلامة ابن نجيم المصري رحمه الله تعالى (970هـ) فى (البحر الرائق: 4\261 ط. زكريا): وقد استفيد من كلامهم أن الحائل يمنع الخلوة المحرمة. قال في الظهيرية: يجعل بينهما حجاب حتى لا يكون بينه وبين امرأة أجنبية خلوة، وإنما اكتفي بالحائل؛ لأن الزوج معترف بالحرمة اهـ. فيمكن أن يقال في الأجنبية كذلك وإن لم تكن معتدته إلا أن يوجد نقل بخلافه. اهـ

قال الامام شمس الائمة السرخسي رحمه الله تعالى (490هـ) فى (المبسوط: 6\41 ط. دار الكتب العلمية): (قال) وإذا طلقها طلاقا بائنا وليس له إلا بيت واحد فينبغي أن يجعل بينه وبينها سترا وحجابا، لأنه ممنوع من الخلوة بها بعد ارتفاع النكاح، فيتخذ بينه وبينها سترة حتى يكون في حكم بيتين، وكذلك في الوفاة إذا كان له أولاد رجال من غيرها فإذا هم وسعوا عليها وخرجوا عنها أو ستروا بينهم وبينها حجابا فلتقم حتى تنقضي عدتها. اهـ

وفي (احسن الفتاوى: 5/447 ط. زكريا) للمفتي رشيد احمد اللدهيانوي رحمه الله (1422هـ:)

فقط والله اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (আফাল্লাহু আনহু)

০১-০৩-১৪৪৩ হি.

০৯-১০-২০২১ ঈ.